**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ২৩ আগস্ট ২০১৬, ৮ ভাদ্র ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৬ মন্ত্রিসভায় অনুমোদন
মুক্তিযুদ্ধ ও জাতির পিতার বিরুদ্ধে অপপ্রচারে যাবজ্জীবন কারাদণ্ডের সুপারিশ
২। ঐক্যবদ্ধভাবে ষড়যন্ত্র মোকাবিলা করা হবে : প্রধানমন্ত্রী
৩। স্কুলে পড়ালেখার পাশাপাশি সহপাঠ কার্যক্রমের ওপর রাষ্ট্রপতির গুরুত্বারোপ
৪। ১৩২০ মেগাওয়াট কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে
তেনেগা পিডিবি যৌথ মূলধনী কোম্পানি হচ্ছে
৫। চীনের বাজারে আরও ১৭ পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার পাচ্ছে বাংলাদেশ
৬। এলপিজি গ্যাস সিলিন্ডার পরীক্ষা শুরু হবে আজ থেকে
৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তির আবেদন শুরু
৮। হাইকোর্টের নির্দেশে বকেয়া পরিশোধের জন্য সময় পেল সিটিসেল
৯। ঈদুল আযহা উপলক্ষে বাসের অগ্রিম টিকিট বিক্রি আজ থেকে শুরু
১০। বরিশালের কীর্তনখোলার ২১১ অবৈধ স্থাপনা উচ্ছেদের নির্দেশ হাইকোর্টের
১১। রাজধানীর কল্যাণপুরে জঙ্গিবিরোধী অভিযান : জঙ্গির স্বজনের ডিএনএ সংগ্রহ করেছে পুলিশ

চলমান পাতা-২

১। **ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৬ মন্ত্রিসভায় অনুমোদন**

**মুক্তিযুদ্ধ ও জাতির পিতার বিরুদ্ধে অপপ্রচারে যাবজ্জীবন কারাদণ্ডের সুপারিশ**

মুক্তিযুদ্ধ ও জাতির পিতার বিরুদ্ধে অপপ্রচার চালালে বা তাতে মদদ দিলে যাবজ্জীবন কারাদণ্ড ও সর্বোচ্চ এক কোটি টাকা জরিমানা গুণতে হবে অপরাধীকে। এমন বিধান রেখে 'ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৬' এর খসড়ার নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এছাড়া অনুমতি ছাড়া অসৎ উদ্দেশ্যে কারো ব্যক্তিগত ছবি তোলা, প্রকাশ বা বিকৃতি ঘটালে কিংবা ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘনের অপরাধে সাজার বিধানও রাখা হয়েছে প্রস্তাবিত আইনে। এতে বিভিন্ন ধরনের সাইবার অপরাধের জন্য সর্বোচ্চ ১৪ বছর জেল এবং এক কোটি টাকা পর্যন্ত জরিমানার বিধান রাখা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২২ আগস্ট সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে 'ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৬'র খসড়ার অনুমোদন দেওয়া হয়। সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ ব্যাপারে বিস্তারিত জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ, ইনকিলাব, প্রথম আলো, যায়যায়দিন, ডেইলি সান, নিউ নেশন, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**ইনকিলাব,বাংলাদেশ টুডে, এশিয়ান এজ** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **ঐক্যবদ্ধভাবে ষড়যন্ত্র মোকাবিলা করা হবে : প্রধানমন্ত্রী**

হিন্দু সম্প্রদায়কে জন্মাষ্টমীর আগাম শুভেচ্ছা জানিয়ে বাংলাদেশের বিরুদ্ধে ষড়যন্ত্র ঐক্যবদ্ধভাবে মোকাবিলার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, ষড়যন্ত্র থাকবে। কিন্তু তা ঐক্যবদ্ধভাবে মোকাবিলা করা সম্ভব। জন্মাষ্টমী উপলক্ষে গতকাল ২২ আগস্ট সোমবার গণভবনে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে শুভেচ্ছা বিনিময় করে না হিন্দু সম্প্রদায়ের একটি প্রতিনিধিদল। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ, প্রথম আলো, সমকাল, সংবাদ, ভোরের কাগজ, যুগান্তর, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **স্কুলে পড়ালেখার পাশাপাশি সহপাঠ কার্যক্রমের ওপর রাষ্ট্রপতির গুরুত্বারোপ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বর্তমানে প্রতিযোগিতামূলক যুগের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষার্থীরা যাতে ভালোভাবে টিকে থাকতে পারে সে লক্ষ্য স্কুলগুলোতে পড়ালেখার পাশাপাশি সহপাঠক্রম-সংক্রান্ত কার্যক্রমের ওপর গুরুত্ব আরোপের জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদিন জানান, গতকাল ২২ আগস্ট সোমবার বঙ্গভবনে ১০ সদস্য বিশিষ্ট সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ (পৃ.৩,ক.১)**।

৪। **১৩২০ মেগাওয়াট কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে তেনেগা পিডিবি যৌথ মূলধনী কোম্পানি হচ্ছে**

ডিসেম্বরের মধ্যেই মালয়েশিয়ার তেনেগা বারহেডের সঙ্গে বাংলাদেশ বিদ্যুত উন্নয়ন বোর্ডের (পিডিবি) যৌথ মূলধনী কোম্পানি গঠন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গতকাল ২২ আগস্ট সোমবার সচিবালয়ে বিদ্যুত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মহেশখালীতে এক হাজার ৩২০ মেগাওয়াট কয়লাভিত্তিক বিদ্যুত কেন্দ্র নির্মাণে বাংলাদেশ মালয়েশিয়া যৌথ স্টিয়ারিং কমিটির প্রথম সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে বাংলাদেশের পক্ষে নেতৃত্ব দেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ এবং মালয়েশিয়ার পক্ষে নেতৃত্ব দেন মালয়েশিয়ার প্রধানমন্ত্রীর বিশেষ দূত দাতু সেরি উতামা এস. সামী ভেলু। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৫। **চীনের বাজারে আরও ১৭ পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার পাচ্ছে বাংলাদেশ**

বাংলাদেশ চীনের বাজারে আরও ১৭ পণ্যের শুল্কমুক্ত প্রবেশাধিকার পাবে বলে জানিয়েছেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন। তিনি বলেন, বিনিয়োগের মাধ্যমে বাংলাদেশের সঙ্গে অর্থনৈতিক সহযোগিতা বাড়াতে চায় চীন সরকার। এক্ষেত্রে গভীর সমুদ্রবন্দর প্রকল্পসহ বাংলাদেশের যে কোনো বড় প্রকল্পে বিনিয়োগ করতে চায় দেশটি। এছাড়া বাংলাদেশি ব্যবসায়ীদের চীনা ভিসা সহজীকরণসহ অনুদান ও সহজ

শর্তের ঋণ বৃদ্ধির দাবি জানানো হয়েছে বলে জানান তিনি। গতকাল ২২ আগস্ট সোমবার রাজধানীর শেরেবাংলা নগরে এনএসই কক্ষে বাংলাদেশ-চীন যৌথ অর্থনীতি কমিশনের ১৪তম সভা শেষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এ কথা জানান। এ সময় বৈঠক শেষে চীনের সঙ্গে একটি অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। তিনটি গুরুত্বপূর্ণ ইস্যুকে সামনে রেখে বাংলাদেশ-চীন যৌথ অর্থনৈতিক কমিশনের ১৪তম বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।



## ৬। এলপিজি গ্যাস সিলিন্ডার পরীক্ষা শুরু হবে আজ থেকে

ত্রুটি চিহ্নিত করতে আজ ২৩ আগস্ট মঙ্গলবার থেকে বাসা-বাড়িতে রান্নার কাজে ব্যবহৃত দেশের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সরবরাহ করা সব এলপিজি (তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস) সিলিন্ডার পরীক্ষা শুরু হচ্ছে। ত্রুটিপূর্ণ সিলিন্ডারগুলোকে বাতিল করে দেওয়া হবে। গতকাল ২২ আগস্ট সোমবার বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নসরুল হামিদ জানান, আজ ২৩ আগস্ট মঙ্গলবার থেকে সারা দেশে সব সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সরবরাহ করা এলপিজি গ্যাস সিলিন্ডার পরীক্ষা শুরু হবে। পরীক্ষার যেসব সিলিন্ডার উত্তীর্ণ হতে পারবে না, সেগুলোকে বাতিল করে দেওয়া হবে। বিস্ফোরক অধিদপ্তর সিলিন্ডার পরীক্ষা কাজটি করবে। আগামী দুই মাসে এ পরীক্ষার কাজ সম্পন্ন হবে। বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন পরীক্ষার খরচ জোগান দেবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১৯,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫),

## ৭। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অনলাইনে ভর্তির আবেদন শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির অনলাইন আবেদন গতকাল ২২ আগস্ট সোমবার সকাল ১০টা থেকে শুরু হয়েছে। ভর্তিচ্ছুকরা আগামী ৭ সেপ্টেম্বর বুধবার রাত ১২টি পর্যন্ত আবেদন করতে পারবেন। গতকাল ২২ আগস্ট সোমবার বেলা ১০টায় কেন্দ্রীয় ভর্তি অফিসে ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৮), **অবজারভার** (পৃ.১৩,ক.৫)।

## ৮। হাইকোর্টের নির্দেশে বকেয়া পরিশোধের জন্য সময় পেল সিটিসেল

লাইসেন্স বাতিলে কারণ দর্শানো নোটিশের জবাব দিতে বিটিআরসির দেওয়া ৩০ দিনের সময়সীমা অতিবাহিত না হওয়া পর্যন্ত বেসরকারি মোবাইল ফোন অপারেটর সিটিসেলের কার্যক্রম বন্ধ না করতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। গতকাল ২২ আগস্ট সোমবার সিটিসেলের এক আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের একক বেঞ্চ এ নির্দেশ দেন। সিটিসেল কর্তৃপক্ষ প্রায় ৪৭৭ কোটি টাকা বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় এর আগে ২৩ আগস্ট পর্যন্ত গ্রাহকদের বিকল্প খুঁজে নেওয়ার চূড়ান্ত সময়সীমা বেঁধে দেয় বিটিআরসি। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

## ৯। ঈদুল আযহা উপলক্ষে বাসের অগ্রিম টিকিট বিক্রি আজ থেকে শুরু

আজ ২৩ আগস্ট মঙ্গলবার থেকে শুরু হচ্ছে ঈদুল আযহা উপলক্ষে দূরপাল্লার বাসের আগাম টিকিট বিক্রি। এ লক্ষ্যে প্রত্যেকটি পরিবহণের আলাদা কাউন্টার খোলা হয়েছে। বিক্রি চলবে সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। অন্যদিকে ট্রেনের টিকিট বিক্রি হবে ২৯ আগস্ট থেকে। তবে লঞ্চ ও বিআরটিসি বাসের টিকিট বিক্রির তারিখ এখনও ঘোষণা করা হয়নি। এদিকে বাসের টিকিট ৫০ শতাংশ রেখে বাকি টিকিট বিক্রির জন্য মালিক সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন পরিবহণকে অনুরোধ জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

## ১০। বরিশালের কীর্তনখোলার ২১১ অবৈধ স্থাপনা উচ্ছেদের নির্দেশ হাইকোর্টের

বরিশালের কীর্তনখোলা নদীর তীর দখল করে গড়ে উঠা **২১১** অবৈধ স্থাপনা দুই মাসের মধ্যে অপসারণের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এই অবৈধ স্থাপনা উচ্ছেদ করে বরিশালের জেলা প্রশাসককে আদালতে প্রতিবেদন দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে। এ সংক্রান্ত অবৈধ স্থাপনার তালিকা দাখিলের পর বিচারপতি মইনুল ইসলাম চৌধুরী ও বিচারপতি আশীষ রঞ্জন দাসের ডিভিশন বেঞ্চ গতকাল ২২ আগস্ট সোমবার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব (**পৃ.১২,ক.২**) বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**১১।	রাজধানীর কল্যাণপুরে জঙ্গিবিরোধী অভিযান : জঙ্গির স্বজনের ডিএনএ সংগ্রহ করেছে পুলিশ**

রাজধানীর কল্যাণপুরে পুলিশের অভিযানে নিহত ৯ জঙ্গির মধ্যে ৭ জনের স্বজনের ডিএনএ (ডিঅক্সিরাইবো নিউক্লিক এসিড) প্রোফাইল সংগ্রহ করেছে পুলিশ। নিহতদের ডিএনএ প্রোফাইলের সঙ্গে স্বজনদের ডিএনএ প্রোফাইল মিলিয়ে তাদের পরিচয় নিশ্চিত করা হবে। পরে স্বজনদের কাছে লাশ হস্তান্তর করা হবে বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ-কমিশনার (মিডিয়া) মাসুদুর রহমান। গতকাল ২২ আগস্ট সোমবার ডিএমপির মিডিয়া সেন্টারে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৪**), অবজারভার** (পৃ.১,ক.২)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক, প্রথম আলো :** বগুড়ার শাজাহানপুরে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) এলপি গ্যাস ডিপোতে সিলিন্ডার বিস্ফোরণে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটায় উদ্বেগ প্রকাশ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে গ্যাস সিলিন্ডারের মান নিশ্চিতকরণে কঠোর অবস্থান গ্রহণের সুপারিশ।

খ. **প্রথম আলো, ইনকিলাব :** গত অর্থবছরে ঢাকা ওয়াসার কর্মচারীদের মূলবেতন ছিল প্রায় ২৭ কোটি টাকা আর এ সময়ে ওভারটাইম নিয়েছেন প্রায় ৫৬ কোটি টাকা এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে ওভারটাইমের নামে দুর্নীতির মাধ্যমে সুবিধা আদায় বন্ধে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **জনকণ্ঠ :** গ্যাস ফিল্ড থেকে উত্তোলিত গ্যাস কনডেনসেট প্রক্রিয়াজাত না করেই সরাসরি বিভিন্ন পেট্রোল পাম্পে বিক্রি করার খবরে নিন্দা জানিয়ে এ ধরনের ভেজালের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **যুগান্তর :** কোনো নিয়ম-নীতি না মেনে যেখানে সেখানে কার পার্কিং করে নৈরাজ্যকর ব্যবস্থা সৃষ্টিকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ইন্ডিপেনডেন্ট:** কাস্টমস বিধি **১৯৬৯** উপেক্ষা করে অবৈধভাবে চট্টগ্রাম বন্দরে ২০ ফুট চওড়া গেট নির্মাণ করায় তা বন্দরে নিরাপত্তার জন্য হুমকি হওয়ায় এ ব্যাপারে আইন প্রয়োগকারী সংস্থার সর্বোচ্চ পর্যায় থেকে দ্রুত ব্যবস্থা নেওয়ার প্রত্যাশা।

ছ. **ডেইলি সান:** টাকার বিনিময়ে অযোগ্য প্রার্থী ভর্তি করানোর অভিযোগে **১০**টি বেসরকারি মেডিক্যাল কলেজের বিরুদ্ধে সুপ্রিম কোর্টের আপীল বিভাগের নেওয়া পদক্ষেপ যথাযথভাবে প্রয়োগের সুপারিশ।

জ. **ডেইলি স্টার, নিউজ টুডে, সমকাল, সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন:** বসুন্ধরা সিটি শপিংমলে বারবার অগ্নিকাণ্ডের ঘটনা অত্যন্ত উদ্বেগজনক হওয়ায় সংশ্লিষ্ট তদন্ত কমিটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে অগ্নিকাণ্ডের প্রকৃত কারণ শনাক্ত করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঝ. **নিউ এজ:** রাজধানীতে স্থাপিত ৬৯টি পাবলিক টয়লেটের মধ্যে মাত্র পাঁচটি ব্যবহার উপযোগী থাকার বিষয় তুলে ধরে জনস্বার্থে সরকারকে এসব টয়লেট স্থাপন, সংস্কার করাসহ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঞ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নামে সরকারি অর্থের অপব্যবহার বন্ধ করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষার সামগ্রিক মান খারাপ হলে শিক্ষকের মানও খারাপ হয় বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধুর পথ ধরে হবে বাংলাদেশের টেকসই উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে কাজী সুফিয়া আখতার টেকসই উন্নয়নের পূর্বশর্ত উন্নয়নের প্রতিটি স্তরে নারী ও পুরুষের সমান অংশগ্রহণ বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা